দৈনিক সংবাদ

তারিখ ... 27 JUL 1990 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম 4 ...

16

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ডিগ্রীতে ইংরেজী আবশ্যিক করা হচ্ছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৬শে জুলাই।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের স্নাতক শ্রেণী পর্যায়ে ইংরেজীকে বাধ্যতামূলক করা হচ্ছে। তবে প্রাথমিকভাবে ঐচ্ছিক বিষয় হিসেবে সকল অনুষদে, স্নাতক পাস ও সম্মান শ্রেণীতে পুনরায় চালু করা হবে এবং তা আগামী শিক্ষাবর্ষ থেকেই।

'৮৬ সালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী (পাস) কোর্স থেকে ইংরেজী বিষয় আবশ্যিক হিসেবে তুলে দিয়ে ঐচ্ছিক বিষয় করা হয়। কেবলমাত্র বিএ শ্রেণীতেই তা চালু ছিল, বিকম , বিএসসিতে ছিল না।

বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলের সাম্প্রতিক এক বিশেষ সভায় বলা হয়, যুগের প্রয়োজনে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ইংরেজী ভাষা শিক্ষা পুনঃপ্রবর্তনের দাবী দেশের বিভিন্ন মহলে উচ্চারিত হয়েছে।

( শেষ পৃঃ ৮–এর কঃ দ্রঃ )

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

পর্যালোচনাশেষে সভায় প্রাথমিক পর্যায়ে ঐচ্ছিক বিষয় হিসেবে চালু করে যত কম সময়ের মধ্যে সম্ভব তা আবশ্যিক বিষয়ে রূপান্তরিত করার সিদ্ধান্ত নেয়া হয়।